

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ২০২৩

তারিখ : ১১ই আগস্ট ২০২২ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে আজ ১১ই আগস্ট ২০২২ দুপুর ৩.০০ টায় ‘ডিজিটাল ফটোগ্রাফি প্রশিক্ষণ পাঠ্যধারা’ এবং “টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারার” সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান এবং আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানের সভাপতি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি ‘ডিজিটাল ফটোগ্রাফি’ প্রশিক্ষণ পাঠ্যধারায় অংশগ্রহণকারী বাংলাদেশ পুলিশ-এর মোট ২০ (বিশ) জন এবং “টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল প্রশিক্ষণ পাঠ্যধারায়” রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের মোট ৩২ জন প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। এছাড়া, আলোকচিত্র প্রদর্শনীর শ্রেষ্ঠ চিত্রধারকগণকে ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক জনাব ফায়জুল হক, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো. নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) জনাব মো. মারুফ নাওয়াজ, পাঠ্যধারা পরিচালক মিজ সুমনা পারভীন, এবং পাঠ্যধারা পরিচালক জনাব নাফিস আহমেদ।

ডিজিটাল ফটোগ্রাফি পাঠ্যধারায় বাংলাদেশের অভ্যুদয় ও মুক্তিযুদ্ধ, ডিজিটাল ফটোগ্রাফির পরিচিতি, ক্যামেরা ও লেন্সের ব্যবহার, ফরেনসিক ফটোগ্রাফি, বিভিন্ন প্রকার শট, নন্দন তত্ত্বঃ এসথেটিকস ও কম্পোজিশন, ফটোসপ আর্কাইভ ইত্যাদি বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

টেলিভিশন নাটক প্রযোজনা প্রশিক্ষণ পাঠ্যধারায় বাংলাদেশের অভ্যুদয়, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, চতুর্থ শিল্প বিপ্লবসহ, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের পাঠ্যক্রম-পরিপূরক আধুনিক ও মানসম্পন্ন টেলিভিশন নাটক নির্মাণের পরিকল্পনা-পরিচালনা-প্রযোজনার তত্ত্বীয় এবং ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।


আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশে টিভি / এনটিভি / সময় টিভি/ দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/ দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।